ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১
## পটিয়া,চট্টগ্রাম।

ইমেইল:ctgpbs1@yahoo.com, ওয়েব: pbs1.chittagong.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.১৫৬১.৫২৪.০২.০০৮.২২.৪১১০

তারিখঃ ০৬ আশ্বিন'১৪২৯ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর' ২০২২খ্রিঃ

## " নিয়োগ বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য ইতিপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো/ ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০/- হতে ২৬৪৮০/- টাকা অথবা সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে । | **০১) অভিজ্ঞতা :** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩ বছর /০৬ বছর /০৯ বছর সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**০২) বয়স সীমা :** বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে (১৩-১০-২০২২ খ্রিঃ তারিখে)।<br>**০৩) অন্যান্য যোগ্যতা :**<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্থ, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। মিটার রিডিং গ্রহণে সক্ষম দৃষ্টিশক্তি সম্পন্ন হতে হবে।<br>খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং চালনায় পারদর্শী হতে হবে।<br>গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

শর্তাবলীঃ

০১। **আবেদন ফরম পূরণ ও জমাদান :**
আগ্রহী প্রার্থীগণ চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট pbs1.chittagong.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A/4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৩-১০-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সিনিয়র জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র পৌঁছাতে হবে। নির্ধারিত ফর্ম ব্যতীত সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :**
(ক) সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি ;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;
(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি ;
(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;
(ঙ) মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তভিত্তিকি) পদে কর্মসম্পাদনের অভিজ্ঞতা সংক্রান্ত সকল পবিসের প্রত্যয়ন পত্র (০৩, ০৬, ০৯ বৎসর) এজিএম(মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত থাকতে হবে;

০৩। **চুক্তির মেয়াদকাল :**
নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ শেষে ১ম পক্ষের সম্মতিক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই)টি কর্মদিবসের ব্যবধানে একই পবিসে পরবর্তী ০৩(তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় মেয়াদে চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ (৩+৩+৩) মোট ০৯ (নয়) বছর অথবা ৫৫ (পঞ্চান্ন) বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪। **বেতন ও ভাতাদি :**
নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চুক্তিকালীন সময়ে নিম্নবর্ণিতভাবে বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
(ক) সর্বশেষ বেতনের সনদপত্র অনুযায়ী মূল বেতন নির্ধারিত হবে।
(খ) সাকুল্য বেতন (মূল বেতন + বাড়ি ভাড়া বাবদ মূল বেতনের ৪০%)।
(গ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম-পরিমাণ অর্থ।
(ঘ) মাসিক যাতায়াত ভাতা ১,৫০০/= (এক হাজার পাঁচশত) টাকা ।
(ঙ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।
(চ) মাসিক চিকিৎসা ভাতা ১,০০০.০০ (এক হাজার) টাকা প্রদান করা হবে।
(ছ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হবে।
(জ) সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২ (দুই) টি উৎসব বোনাস এবং নিয়মানুযায়ী বৈশাখী ভাতা প্রাপ্য হবেন। সমিতির পারফরমেন্স টার্গেট অগ্রিমেন্ট (পিটিএ/কেপিআই) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।
(ঝ) সন্তোষজনকভাবে চাকুরী সমাপনান্তে স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৬২.০০২.১৯.২৬৫৬, তারিখ : ০৯/১০/২০১৯ খ্রিষ্টাব্দ অনুযায়ী সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

অপর পৃষ্টার দ্রষ্টব্যঃ

০৫। **অন্যান্য শর্তাবলী :**

(ক) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (on job service length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫; তারিখ-১২-১১-২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চট্টগ্রাম পবিস-১ এর অনুকূলে ১০০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তির মেয়াদ শেষে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ থাকতে হবে।

(ঘ) চট্টগ্রাম পবিস-১ এর ভৌগোলিক এলাকার **(পটিয়া, চন্দনাইশ, সাতকানিয়া, লোহাগাড়া, বাঁশখালী, আনোয়ারা, কর্ণফুলী ও বোয়ালখালী উপজেলা)** স্থায়ী বাসিন্দা এবং ইতিপূর্বে চট্টগ্রাম পবিস-১ এ মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঙ) চট্টগ্রাম পবিস-১ এর এলাকা পরিচালক/ মহিলা পরিচালক এবং এই পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(চ) কোন পবিস হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ছ) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে উভয়ের চুক্তি বাতিল করা হবে।

(জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

(ঝ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।

(ঞ) স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে।

(ট) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত চট্টগ্রাম পবিসে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০১ (এক) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(ঠ) ইতোপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণের পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না।পুলিশভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

(ড) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

২১/৭/২২
(মোঃ আবু বকর সিদ্দীকী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।**

১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃ পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪। একান্ত সচিব,চেয়ারম্যান মহোদয়,বাপবিবো,ঢাকা।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৬। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............................পবিস-১/২/৩/৪।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**বিতরণঃ**

১। ডিজিএম-সদর-কারিগরী /লোহাগাড়া/চন্দনাইশ/বোয়ালখালী/আনোয়ারা/বাঁশখালী/সাতকানিয়া জোনাল অফিস,চট্টগ্রাম পবিস-১।
২। এজিএম (ওএন্ডএম)- কর্ণফুলী /গুনাগরী সাব জোনাল অফিস, চট্টগ্রাম পবিস-১।
৩। এজিএম (প্রশাসন)/(অর্থ-হিসাব)/(অর্থ-রাজস্ব)/ (সদস্য সেবা), চটপবিস-১।
৪। এজিএম (আইটি), চটপবিস-১ (পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
৫। নোটিশ বোর্ড।
৬। অফিস/মাষ্টার কপি।

(মোঃ আবু বকর সিদ্দীকী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

ফরম নংঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, অনুমোদিত তারিখ ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ ১৯৮৫

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

**চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম।**

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/ আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১
পটিয়া, চট্টগ্রাম।

১.নিয়োগ বিজ্ঞপ্তি নং-----------------------

------------------------------------
২.আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

------------------------------------
৩.পদের ধরণ-

------------------------------------
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

------------------------------------
৫. প্রকাশনার তারিখ

------------------------------------
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

------------------------------------
বড় হাতের অক্ষরে ইংরেজীতে

------------------------------------
৭. জন্ম তারিখ (পরীক্ষা সনদ/নিবন্ধন অনুযায়ী)

----------/---------/-----------(দিন/মাস/বছর)

------------------------------------
৮. মাতার নাম

৯. বয়স (১৩/১০/২০২২ খ্রিঃ তারিখে)

------------------------------------
১০. পিতার নাম

------------------------------------
১১. ধর্ম

------------------------------------
১২. জাতীয়তা

------------------------------------
১৩. নিজ জেলা

------------------------------------
১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা
(টিক (✓)দিন

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬. স্থায়ী ঠিকানা ঃ

---------------------------- ক. গ্রাম/সড়ক/বাড়ী
---------------------------- খ. ডাকঘর
---------------------------- গ. উপজেলা/থানা
---------------------------- ঘ.জেলা

১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

---------------------------- ক. গ্রাম/সড়ক/বাড়ী
---------------------------- খ. ডাকঘর
---------------------------- গ. উপজেলা/থানা
---------------------------- ঘ.জেলা

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ তাং............ পটিয়া, চট্টগ্রাম

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| ----------------শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

১৯. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| | নাম, পদবী, পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠোফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|---|
| ০১। | |
| ০২। | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাতকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

---------------------------------------- তারিখ

---------------------------------------- আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১
## পটিয়া,চট্টগ্রাম।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ------------------------------------------------

পরীক্ষার তারিখ ঃ ------------------------------------------------

পরীক্ষার সময় ঃ ------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ------------------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ------------------------------------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ------------------------------------------------

প্রার্থীর নাম ঃ ------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ------------------------------------------------

------------------------------------------------

------------------------------------------------

------------------------------------------------

------------------------------------------------

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ * পটিয়া, চট্টগ্রাম * তাং.............

## (প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী)

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/ কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১
তাং............
পটিয়া, চট্টগ্রাম